

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১৩

স্মারক নং-শিম শা:১৩/এমপিও-১২/২০০৯ (অংশ)/৩১৬

তারিখ: ১৩/১১/২০১১ খ্রি:

প্রজ্ঞাপন

সরকার এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত এমপিও নির্দেশিকা ২০১০, এ যাই থাকুকনা কেন পুনরাদেশ না দেয়া পর্যন্ত এই আদেশ জারীর পর হতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি) অতিরিক্ত শ্রেণিশাখা/বিভাগ খোলার ক্ষেত্রে উক্ত শ্রেণিশাখা/বিভাগের বিপরীতে নিযুক্ত শিক্ষকের বেতন-ভাতা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক বহন করতে হবে। তাদের বেতন-ভাতা সরকার বহন করবে না। ইতোপূর্বে যে সকল প্রতিষ্ঠানে শ্রেণিশাখা/বিভাগ খোলার অনুমোদন দেয়া হয়েছে সেক্ষেত্রে এ আদেশ প্রযোজ্য হবেনা।

০২। উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।


(ওয়াহিদা আক্তার)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৭১৬০৫১৭

বিতরণঃ

- ১-২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সংশ্লিষ্ট সকলকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। চেয়ারম্যান, সকল শিক্ষা বোর্ড (ঢাকা/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/বরিশাল/রাজশাহী/যশোর/দিনাজপুর)
- ৫। চেয়ারম্যান, কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। মন্ত্রি মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব (অর্থ ও প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪। যুগ্ম-সচিব (অডিট ও আইন/কারিগরি ও মাদ্রাসা/মাধ্যমিক/কলেজ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। উপ-সচিব (মাধ্যমিক/কারিগরি/কলেজ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। অধিশাখা-৯/অধিশাখা-১৫/অধিশাখা-১৪/শাখা-১১/শাখা-১২/শাখা-৩ শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।


১৩/১১/১১
(ওয়াহিদা আক্তার)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৭১৬০৫১৭